চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম

# প্রকল্প পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

**১। প্রকল্পের নাম: "চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্-আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ"।**

**১.১। (ক) প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**

"চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ"- শীর্ষক প্রকল্পটি মোট ৪২৯৮৯৫.১১ (জিওবি অনুদান- ৩৭৭৪৮৯.৫২, জিওবি ঋণ- ৫২৪০৫.৫৯) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০১৭ হতে জুন, ২০২৫ (প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধি: জুলাই-২০১৭ হতে জুন, ২০২৬) মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

**১.২। প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

১.৩। **প্রকল্পের উদ্দেশ্য:** চট্টগ্রাম শহরের ভয়াবহ যানজট নিরসন, চট্টগ্রাম শহর এলাকা ও এর দক্ষিণাঞ্চলের মধ্যে উন্নত যাতায়াত সুবিধা নিশ্চিতকরণ, চট্টগ্রাম বন্দরের ধারাবাহিক কার্যক্রমের গতিশীলতা রক্ষা, চট্টগ্রাম শাহ-আমানত আন্তর্জাতিক বিমান বন্দর থেকে ৩০ মিনিটের মধ্যে মূল শহরে প্রবেশের লক্ষ্যে এবং সহজ যাতায়াত সুবিধা প্রদানের মাধ্যমে বিদেশী বিনিয়োগকারীদের আকৃষ্ট করা। ফলশ্রুতিতে মিরসরাই ইকোনোমিক জোন ও আনোয়ারা শিল্প এলাকা তথা কেইপিজেড এ বিনিয়োগ বৃদ্ধি ও যাতায়াতের পথ সহজ হবে।

১.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**





চিত্র: চেয়ারম্যান, চউক কর্তৃক এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।

**২। প্রকল্পের নাম: চট্টগ্রাম সিটি আউটার রিং রোড।**

২.১। **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**

"চট্টগ্রাম সিটি আউটার রিং রোড"- শীর্ষক প্রকল্পটি মোট ৩৩২৪১৫.০৩ (জিওবি অনুদান-২২৯১৬৮.৫৩, জিওবি ঋণ-৩৮৮৯১.৪২,জাইকা ৬৪৩৫৫.০৮) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০২৪ (প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধি: জানু,২০১১ হতে ডিসেম্বর, ২০২৫) মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

২.২। **প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

২.৩। **প্রকল্পের উদ্দেশ্য:**

- উপকূলীয় বাধঁ শক্তিশালীকরণের মাধ্যমে বন্যা ও সামুদ্রিক জলোচ্ছাস থেকে চট্টগ্রাম শহরকে রক্ষা করা।
- উক্ত বাধেঁর উপর রাস্তা নির্মান করে শহর হতে ভারী যানবাহন বাইপাস করাণোর মাধ্যমে চট্টগ্রাম শহরের যানজট নিরসন করা।
- শহর ও উপকূলীয় বাধেঁর মধ্যস্থিত এলাকা সমূহের উন্নয়নের মাধ্যমে শিল্প, বাণিজ্য ও পর্যটন শিল্পকে উৎসাহিত করা এবং বিদেশী বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করা।

২.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**





**চিত্র: রিং রোড প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।**

৩। **প্রকল্পের নাম: কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ।**

৩.১। **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**

"কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ"- শীর্ষক প্রকল্পটি মোট ২৭৭৯৩৯.৪৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন, ২০২৫ (প্রস্তাবিত মেয়াদ বৃদ্ধি: জুলাই-২০১৭ হতে জুন, ২০২৬) মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

৩.২। **প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

৩.৩। **প্রকল্পের উদ্দেশ্য:**

- রাস্তা নির্মাণের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম এবং চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের সাথে সংযোগ স্থাপন করে যাতায়াতের সুবিধা বৃদ্ধি করে চট্টগ্রাম শহরের যানজট নিরসন করা।
- শহর ও উপকূলীয় বাঁধের মধ্যস্থিত এলাকাসমূহের উন্নয়নের মাধ্যমে আবাসন,বাণিজ্য ও পর্যটন শিল্পকে উৎসাহিত করা এবং যাতায়াত সুবিধা বৃদ্ধির মাধ্যমে দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করে শিল্পের প্রসার ঘটানো ইত্যাদি।
- বন্যা ও জলোচ্ছাস থেকে চট্টগ্রাম শহরের চাক্তাই,খাতুনগঞ্জ,বক্সির হাট, বৃহত্তর বাকলিয়া,চান্দগাঁও ও কালুরঘাট ভারী শিল্প এলাকাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষা করা।

৩.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**







**চিত্র: কর্ণফুলী রোড প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।**

**৪। প্রকল্পের নাম: চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন।**

৪.১। **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**

"চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন"- শীর্ষক প্রকল্পটি মোট ৮৬২৬৬২.৩৪ (জিওবি অনুদান-৭১২০১৩.৬২, জিওবি ঋণ-৭৫৩২৪.৩৬,নিজস্ব অর্থ-৭৫৩২৪.৩৬) লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

৪.২। **প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

৪.৩। **প্রকল্পের উদ্দেশ্য**:

- খাল সমূহ পরিকল্পিত পুন:খনন, সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে জলাবদ্ধতা দূরীকরণ।
- গুরুত্বপূর্ন খাল সমূহের পাড়ে রাস্তা নির্মাণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও খাল সমূহ পরিস্কার করার স্থায়ী ব্যবস্থা।
- খালের সাথে সংযোগকারী পাকা ড্রেন সমূহ সংস্কার ও সম্প্রসারণের মাধ্যমে বৃষ্টির পানি দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করা।
- স্থিত নিচু ব্রীজ সমূহ প্রতিস্থাপনের মাধ্যমে পানি প্রবাহের প্রতিবন্ধকতা দূরীকরণ;
- পরিবেশের উন্নয়ন ও ভারসাম্য রক্ষা।
- প্রকল্প বাস্তবায়নকালে বিপুল সংখ্যক জনবলের কাজের সংস্থান, বিশেষ করে নারী কর্মসংস্থান সৃষ্টি।

৪.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**







**চিত্র: চেয়ারম্যান, চউক কর্তৃক জলাবদ্ধতা নিরসন প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।**

**৫। প্রকল্পের নাম: চট্টগ্রাম শহরের গুরুত্বপূর্ণ সড়ক সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন গুচ্ছ প্রকল্প-১।**

৫.১। **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**

"চট্টগ্রাম শহরের গুরুত্বপূর্ণ সড়ক সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন গুচ্ছ প্রকল্প-১"- শীর্ষক প্রকল্পটি মোট ৪৮২০.৫৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি,২০২৪ হতে ডিসেম্বর, ২০২৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

৫.২। **প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

৫.৩। **প্রকল্পের উদ্দেশ্য:**
চট্টগ্রাম মহানগরের যানজট সমস্যা নিরসন ও উন্নতর যোগাযোগ ব্যবস্থা স্থাপনের জন্য চট্টগ্রাম মহানগরের মধ্যে স্থিত ০.৮২৪ কি.মি. দৈর্ঘ্যের গুরুত্বপূর্ন সড়ক সমূহের সম্প্রসারণ ও উন্নয়ন করা হবে।

৫.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**





চিত্র: চেয়ারম্যান, চউক কর্তৃক গুচ্ছ প্রকল্প-১- এর প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।

**৬। প্রকল্পের নাম: চট্টগ্রামস্থ নাসিরাবাদে "সিডিএ স্কয়ার" নির্মাণ।**

৬.১। **প্রকল্প ব্যয় ও বাস্তবায়নকাল সংক্রান্ত:**
"কন্সট্রাকশন অব সিডিএ স্কয়ার এট নাসিরাবাদ, চিটাগাং"- শীর্ষক প্রকল্পটি মোট ১৬৭৪৮.০১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানু,২০১২ জুন, ২০২৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পের ভৌত কাজ চলমান রয়েছে।

৬.২। **প্রকল্প এলাকা:**


| বিভাগ | জেলা | উপজেলা | সিটি কর্পোরেশন/পৌরসভা | সমগ্র বাংলাদেশ |
|---|---|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | - | সিটি কর্পোরেশন | - |

৬.৩। **প্রকল্পের উদ্দেশ্য:**

- চট্টগ্রাম মহানগরীতে আবাসন সংকট নিরসন।
- স্বল্প ও মধ্যম আয়ের মানুষের সামর্থের মধ্যে ফ্ল্যাট বরাদ্ধ প্রদান।
- সার্মথ্যের মধ্যে ফ্ল্যাট ক্রয়ে আগ্রহী মানুষের মধ্যে স্থায়ীভাবে চট্টগ্রাম শহরে বসবাস উপযোগী ফ্ল্যাট ক্রয়ের সুযোগ সৃষ্টি করা।

৬.৪। **প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:**





**চিত্র:  চেয়ারম্যান, চউক কর্তৃক সিডিএ স্কয়ার প্রকল্প এলাকা পরিদর্শনের স্থির চিত্র।**